



বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৩

তারিখ : ২৩ ফাল্গুন, ১৪১৯  
০৭ মার্চ, ২০১৩

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

রপ্তানীমুখী শ্রমঘন পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের সুবিধার্থে  
ব্যাংকসমূহের সংশ্লিষ্ট শাখাগুলো আগামী ৯ই মার্চ ২০১৩ শনিবার সাপ্তাহিক ছুটির দিনে খোলা রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিজিএমইএর অনুরোধের প্রেক্ষিতে রপ্তানীমুখী শ্রমঘন পোশাক শিল্পে নিয়োজিত শ্রমিক কর্মচারীদের বেতন-ভাতা প্রদানের সুবিধার্থে আগামী ৯ই মার্চ ২০১৩ শনিবার ঢাকা মহানগরী, সাভার, আশুলিয়া, গাজীপুর, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাগুলো খোলা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এমতাবস্থায়, পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিত করতঃ উল্লিখিত এলাকায় অবস্থিত আপনাদের ব্যাংকের সংশ্লিষ্ট শাখাগুলো খোলা রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, ডিওএস সার্কুলার লেটার নং-১৮/২০০৬ এ বর্ণিত নির্দেশনা মোতাবেক বিমান বন্দর (ঢাকা ও চট্টগ্রাম), সমুদ্র/নৌ বন্দর (চট্টগ্রাম ও মংলা) এবং স্থল বন্দর (বেনাপোল, সোনারামসজিদ, হিলি ও কমলাপুর এর আইসিডি) এলাকায় অবস্থিত বাণিজ্যিক ব্যাংকগুলোর আমদানী-রপ্তানী বাণিজ্য লেনদেন সংশ্লিষ্ট বৈদেশিক মুদ্রা লেনদেনকারী সব শাখা (অথরাইজড ডিলার) প্রতি শুক্রবার ও শনিবার (অফিস লেনদেন সময়সূচী সংশ্লিষ্ট ব্যাংকগুলোর স্থায়ী নির্ধারিত সময় পর্যন্ত) খোলা রাখার পূর্বের সিদ্ধান্ত বহাল রয়েছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

( মোঃ ইব্রাহিম ভূঁইয়া )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭